

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩-২৯৮

তারিখঃ ০২/৪/২০১৯ খ্রিঃ

ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী যুবক ও যুবনারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতামূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃষ্ণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর এর নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুবনারীদের নিকট থেকে বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্স/ট্রেডের নাম	কোর্স ফি (টাকা)	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	সাক্ষাৎকারের তারিখ
০১.	“হাউজকিপিং” বিষয়ক প্রশিক্ষণ কোর্স, (আবাসিক) মেয়াদ-০৩ মাস/৪৮০ কর্মঘণ্টা (১৫ এপ্রিল, ২০১৯ হতে ১৪ জুলাই, ২০১৯) কেন্দ্র সংখ্যাঃ ১টি (যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার ঢাকা), আসন সংখ্যা-৩০	৫০০	এস,এস,সি পাশ	১১ এপ্রিল, ২০১৯, যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- বর্ণিত ট্রেডে দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১০ এপ্রিল, ২০১৯ খ্রিঃ এবং প্রশিক্ষণ শুরু ১৫ এপ্রিল, ২০১৯ খ্রিঃ।
- বর্ণিত কোর্সে/ট্রেডে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ১৮ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুবনারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- স্বহস্তে লিখিত দরখাস্ত (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয়তা পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা, (০৮) স্থায়ী ঠিকানা, (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেডার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতঃপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের www.dyd.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব উপজেলার উপপরিচালক/কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- দূরবর্তী স্থানে বসবাসরত বেকার যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদনপত্র ইউনিয়ন ডিজিটাল সেন্টার / উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়/যুব প্রশিক্ষণ কেন্দ্র/জেলা কার্যালয়ে দাখিল করতে পারবে।
- আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়ালিপি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান / পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র, (গ) সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়ন কালে মূল সনদপত্র সমূহ সংগে আনতে হবে।
- দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং প্রতিবন্ধী, অটিস্টিক ও হিজড়াদের জন্য ৫% কোটা সংরক্ষণসহ কোর্স ফি ব্যতীত অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে। এছাড়া ০৩টি পার্বত্য জেলার (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান) অনগ্রসর যুবদেরও কোর্স ফি ব্যতীত প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- সাক্ষাতের জন্য নির্ধারিত তারিখে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. দেয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

পাতা/২

প্রশিক্ষণের শর্তাবলীঃ

- (ক) বর্ণিত ট্রেড/কোর্সটি অনাবাসিকভাবে (তবে বিনা ভাড়া নিজ খরচে হোস্টেলে থাকার সুবিধা রয়েছে) পরিচালিত হবে।
(চ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
(ছ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
(জ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে।

প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ :

- * উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা।
* কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।


০২-০৮-১৭
(মল্লিক সাঈদ মাহবুব)
পরিচালক(প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৭.০০৪.১৩-২৯৮,

তারিখঃ ০২/০৮/২০১৭খ্রি;

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ০১। পরিচালক/প্রকল্প পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা। তাঁকে ভর্তির বিজ্ঞপ্তি মোতাবেক কোটা অনুযায়ী প্রশিক্ষণার্থী নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
০৬। সহকারী পরিচালক, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮। অফিস কপি।


০২/০৮/২০১৭
(খন্দকার মোঃ রওনাকুল ইসলাম)
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)
ফোনঃ ০২-৯৫১৫০১৯।